টেলিফোন :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

নং ৪০৫/ক/স্বী/৯৪/১১৯৮

তারিখ ২৩-১১-৯৪ইং

প্রেরক : কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ,
অক্সফোর্ড কলেজ,
বাড়ী নং- ৬/৪, ব্লক-এ,
লালমাটিয়া, ঢাকা।

বিষয় : অক্সফোর্ড কলেজকে একাদশ শ্রেণী খোলার সাময়িক অনুমতি প্রদান।

এতদ্বারা নির্দেশক্রমে জানান যাইতেছে যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ অক্সফোর্ড কলেজকে ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষ হইতে সাময়িকভাবে একাদশ শ্রেণী খোলার অনুমতি প্রদান করিয়াছেন।

শাখা সমূহ।

১। মানবিক ২। বাণিজ্য ৩। বিজ্ঞান

বিষয় সমূহ।

| | |
|---|---|
| আবশ্যিক | ১। বাংলা<br>২। ইংরেজী |
| মানবিক | ১। পৌরনীতি<br>২। অর্থনীতি<br>৩। ইসলামের ইতিহাস<br>৪। যুক্তিবিদ্যা<br>৫। সমাজকল্যাণ<br>৬। ইসলামী শিক্ষা<br>৭। মনোবিজ্ঞান<br>৮। সমাজ বিজ্ঞান |
| বাণিজ্য | ১। বুককিপিং ও একাউন্টেন্সী<br>২। অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল<br>৩। বাণিজ্যনীতি<br>৪। শর্টহ্যান্ড ও টাইপ লিখন |
| বিজ্ঞান | ১। পদার্থ বিদ্যা<br>২। রসায়ন বিদ্যা<br>৩। জীব বিদ্যা<br>৪। গণিত<br>৫। পরিসংখ্যান। |

১। ৩০/৬/৯৬ইং তারিখের মধ্যে কলেজের নামে প্রয়োজনীয় জমি রেজিষ্টি করিতে হইবে এবং রেজিষ্ট্রিকৃত জমির উপর কলেজ গৃহ নির্মাণ করিতে হইবে। রেজিষ্ট্রিকৃত সমস্ত জমি কলেজ সংলগ্ন হইতে হইবে এবং জমির দলিলের সার্টিফায়েড কপি যথাশীঘ্র বোর্ডে পাঠাইতে হইবে। নচেৎ একাদশ শ্রেণী খোলার অনুমতি প্রত্যাহার করা হইবে।

২। সংরক্ষিত তহবিলের ৫০,০০০/০০ (পঞ্চাশ হাজার) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাইবে না

৩। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা সব সময় থাকিতে হইবে।

....২/)

স্মারকপত্র : ১০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

( = ২ = )

নং..................  তারিখ.......................১৯৯

৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ( নংশাঃ ৪/১০/এম ৫০/৮৩/৫৬৫( ১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪ ) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি " নির্দেশিকা " অনুসারে ব্যাংকে একাউন্ট রাখিতে হইবে এবং কলামনার ক্যাশ বহি সংরক্ষণ করিতে হইবে।

৫। প্রত্যেক অর্থ বৎসরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাইতে হইবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাইতে হইবে।

৬। বিজ্ঞান বিভাগের বিভিন্ন বিষয়ের জন্য পৃথক পৃথক বিজ্ঞানাগার থাকিতে হইবে। বিজ্ঞানাগারের জন্য আরো ৩০,০০০/- টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও আসবাবপত্রের ব্যবস্থা করিতে হইবে এবং ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের মূল ভাউচারের সত্যায়িত ফটোকপি বিবরণীসহ বোর্ডে পাঠাইতে হই[বে]

৭। কলেজ পরিচালনার জন্য ৭(সাত)সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটির প্রস্তাব (সভাপতির মাধ্যমে) অনুমোদনের জন্য বোর্ডে পাঠাইতে হইবে।

৮। শরীর চর্চা বিষয়ের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত একজন শিক্ষক/শিক্ষিকা ৩১/১২/৯৪ তারিখের মধ্যে নিয়োগ করিতে হইবে।

৯। কলেজের ছাত্র/ছাত্রী সংখ্যা কমপক্ষে ৩০০ জনে উন্নীত করিতে হইবে।

১০। কলেজের পাঠাগারের জন্য আরও ২৫,০০০/০০ টাকার বই ক্রয় করিয়া মূল ভাউচারের সত্যায়িত ফটোকপি বোর্ডে জমা দিতে হইবে এবং একজন প্রশিক্ষণ প্রাপ্ত গ্রন্থাগারিক ৩১/১২/৯৪ইং তারিখের মধ্যে নিয়োগ করিতে হইবে।

১১। যে ভাড়া বাড়ীতে কলেজ প্রতিষ্ঠা করা হইয়াছে, বোর্ডের পূর্বানুমতি ছাড়া উহা কোন ক্রমেই পরিবর্তন করা যাইবে না। নোটারীকৃত ভাড়ার দলিল রেজিষ্ট্রি করিয়া দলিলের ফটোকপি পত্র ইস্যুর তিন মাসের মধ্যে বোর্ডে জমা করিতে হইবে। অন্যথায় অনুমতি বাতিল করিয়া গণ্য হইবে।

১২। শ্রেণীকক্ষে পাঠদানের মান উন্নয়ন করিয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশের হার কমপক্ষে ৪০% করিতে হই[বে]

১৩। কলেজের শিক্ষক, ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক বিশ্রামাগার ও টয়লেট সুবিধা থাকিতে হইবে।

১৪। কলেজের চারিদিকে সীমানা প্রাচীর দিতে হইবে।

১৫। আরো ৫টি টাইপ রাইটার ক্রয় করিয়া উহার ভাউচার বোর্ডে জমা করিতে হইবে।

১৬। কলেজের সাময়িক স্বীকৃতি প্রদানের বিষয় নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হইবে :-

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট,

(খ) কলেজের কার্যপদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট,

(গ) প্রথম সাময়িক স্বীকৃতি ফি বাবদ ২,০০০/০০(দুই হাজার)টাকার ( বোর্ডের সচিবের অনুকূলে ) ব্যাংক ড্রাফট।

আপনার বিশ্বস্ত,
26.11.98

(প্রফেসর মোঃ আজহার আলী)
কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

২৩/১১/৯৪

১৩

দূরালাপনী :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

নং ১৪০৬

তারিখ ২২/৮/৯৫

প্রেরক : কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।

প্রাপক : অধ্যক্ষ,
অক্সফোর্ড কলেজ,
৬/৪, ব্লক-এ, লালমাটিয়া,
মোহাম্মদপুর, ঢাকা ।

বিষয় : অক্সফোর্ড কলেজকে সাময়িকভাবে প্রথম স্বীকৃতি প্রদান ।

এতদ্বারা নির্দেশক্রমে জানান যাইতেছে যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ অক্সফোর্ড কলেজকে ১/৭/৯৫ হইতে ৩০/৬/৯৬ পর্যন্ত ১(এক) বৎসরের জন্য সাময়িকভাবে প্রথম স্বীকৃতি প্রদান করিয়াছেন ।

শাখা সমূহ ।

১। মানবিক ২। বাণিজ্য ৩। বিজ্ঞান

বিষয় সমূহ ।

আবশ্যিক
১। বাংলা
২। ইংরেজী

মানবিক
১। পৌরনীতি
২। অর্থনীতি
৩। ইসলামের ইতিহাস
৪। যুক্তিবিদ্যা
৫। ভূগোল
৬। ইসলামী শিক্ষা
৭। সমাজ কল্যাণ
৮। মনোবিজ্ঞান
৯। গার্হস্থ্য অর্থনীতি
১০। সমাজ বিজ্ঞান

বাণিজ্য
১। বুককিপিং ও একাউন্টেন্সী
২। অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল
৩। বাণিজ্যনীতি
৪। শর্টহ্যান্ড ও টাইপ লিখন

বিজ্ঞান
১। পদার্থ বিদ্যা
২। রসায়ন বিদ্যা
৩। জীব বিদ্যা
৪। গণিত
৫। পরিসংখ্যান

শর্তসমূহ ।

১। সংরক্ষিত তহবিলের ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাইবে না ।

২। সাধারণ তহবিলে কমপক্ষে ৩০,০০০/- টাকা সব সময় রাখিতে হইবে ।

৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং শাঃ ৪/১০এম-৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা তারিখ ১০ই, জুন, ১৯৮৪ )পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি" নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখিতে হইবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করিতে হইবে ।

৪। প্রত্যেক অর্থ বৎসরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাইতে হইবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাইতে হইবে ।

৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করিয়া যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা বোর্ডে পাঠাইতে হইবে(সভাপতির মাধ্যমে ) ।

৬। ৩০/৬/৯৬ তারিখের মধ্যে কলেজের নামে প্রয়োজনীয় জমি রেজিষ্ট্রি করিতে হইবে এবং

......২/)

দুরালাপনী :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

( = ২ = )

নং............................ তারিখ................................১৯

রেজিষ্টিকৃত জমির উপর নিজস্ব ভবন নির্মান করিতে হইবে ।

৭ । বর্তমান ভাড়াকৃত বাড়ী বোর্ডের পূর্বানুমতি ব্যতীত পরিবর্তন করা যাইবে না ।

৮। প্রশিক্ষন প্রাপ্ত একজন শরীর চর্চা শিক্ষক নিয়োগ করিতে হইবে ।

৯। বিষয় ভিত্তিক বিজ্ঞানাগারের ব্যবস্হা করিতে হইবে ।বিজ্ঞানাগারের জন্য আরো ৪০,০০০/- টাকার বৈজ্ঞানিক যন্এপাতি এ্ন্য় করিয়া উহার ভাউচারের কপি বোর্ডে জমা করিতে হইবে ।

১০। গ্রন্হাগারের জন্য আরো ২৫,০০০/- টাকার বই এ্ন্য় করিতে হইবে । ৬টি টাইপ রাইটার এ্ন্য় করিতে হইবে ।

১১। কলেজের পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয় নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর ~~বিবেচনা~~ বিবেচনা করা হইবে :-

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংএ্রান্ত রিপোর্ট,

(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট,

(গ) স্বীকৃতির সময় সীমা বৃদ্ধির ফি বাবদ ৮০০/- টাকা (বোর্ডের সচিবের অনুকূলে ) ব্যাংক ড্রাফট ।

আপনার বিশ্বস্ত,

24/7/97

( প্রফেসর মোঃ আজহার আলী )
কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।

22/7/97